

ফাতওয়া নাম্বার: ৪৯

তারিখ: ০৩-০৭-২০২০ ইংরেজি

ধর্মনিরপেক্ষ নেতার কর্মীরা কি মুসলমান?

প্রশ্ন:

যদি কোনো দলনেতা নিজেকে ধর্মনিরপেক্ষ বলে দাবি করে এবং তার কর্মীরা নিজেদেরকে মুসলিম বলে দাবি করে, তাহলে তাদের দাবি কতটুকু গ্রহণযোগ্য?

প্রশ্নকারী- মাসুদুর রহমান

উত্তর:

ধর্মনিরপেক্ষ (সেকুলার) ব্যক্তি মুসলমান হতে পারে না। ধর্মনিরপেক্ষতা কুফুর। সুতরাং যে দলনেতা ধর্মনিরপেক্ষতার স্বরূপ জেনে বুঝে নিজেকে ধর্মনিরপেক্ষ দাবি করবে, সে কাফের। আর কর্মীদের সকলের বিধান সমান নয়। দলনেতার কুফুরের কারণে তারাও কাফের হয়ে যাবে না। তাদের বিধান তাদের আকিদা বিশ্বাস ও কর্মের ওপর ভিত্তি করেই আরোপিত হবে। যারা ধর্মনিরপেক্ষতা বা অন্য কোনো কুফরি মতবাদ বা বিশ্বাসে বিশ্বাসী কিংবা কোনো কুফরি কর্মে লিপ্ত, তারা কাফের হবে। আর যারা কোনো হারামে লিপ্ত তারা ফাসেক। অনতিবিলম্বে এ ধরনের দল থেকে ফিরে এসে তাদের তওবা করা জরুরি।

উল্লেখ্য, মুসলিম দাবিদার কোনো ব্যক্তি যে কোনো কুফরি কাজ করলেই তাকে সুনির্দিষ্টভাবে কাফের আখ্যায়িত করে তার ওপর কুফুরের বিধান আরোপ করা যায় না। সুনির্দিষ্টভাবে কাউকে কাফের আখ্যায়িত করার

জন্য শরীয়তে বেশ কিছু বিধি নিষেধ আছে। সেগুলোর আলোকে তার অবস্থা বিশ্লেষণ করে একজন বিজ্ঞ আলেমই শুধু কারো ওপর সুনির্দিষ্টভাবে কাফেরের বিধান আরোপ করতে পারেন। সাধারণ মানুষের জন্য তা থেকে বিরত থাকা জরুরি। সুনির্দিষ্ট কোনো ব্যক্তির বিধান জানার জন্য তারা বিজ্ঞ আলেমদের শরণাপন্ন হবে।

فقط، والله سبحانه وتعالى أعلم

আবু মুহাম্মাদ আব্দুল্লাহ আলমাহদি (উফিয়া আনছ)

১১ ই যুলকা'দাহ, ১৪৪১ হি.

৩ রা জুলাই, ২০২০ ইং



اللجنة الشرعية للدعوة والنصرة
উচ্চতর ইসলামী আইন গবেষণা বিভাগ